

প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
স্থান	:	উপজেলা শিক্ষা অফিস, মনিরামপুর, যশোর মহোদয়ের সভাকক্ষ।
তারিখ ও সময়	:	১৮ জুলাই ২০২১, সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা


- আলোচ্য বিষয় :-
- ১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসির সভাপতিগণের প্রশিক্ষণ সংক্রান্ত;
  - ২। বিদ্যালয় খোলার প্রস্তুতি গ্রহণ সংক্রান্ত;
  - ৩। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী তিনি উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জনে এস. এম.সি'র সভাপতিদের প্রশিক্ষণ সংক্রান্ত	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের নতুন এসএমসি গঠন করা হয়েছে। এসএমসির নতুন সভাপতিগণ বিদ্যালয়ে মান সম্মত শিক্ষা নিশ্চিতকরনে তাদের করণীয় সম্পর্কে অবগত নয়। এজন্য তাদের প্রশিক্ষণ প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে এসএমসির সভাপতিদের প্রশিক্ষণ পরিচালনার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারী হিসাবে উপজেলা শিক্ষা অফিসারকে দায়িত্ব পালন করার অনুরোধ করা হয়।
০২	বিদ্যালয় খোলার প্রস্তুতি গ্রহণ সংক্রান্ত	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় খোলার জন্য কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ নিয়মিত প্রধান শিক্ষক, এসএমসির সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন।	করোনাকালীন পরিস্থিতিতে বিদ্যালয় খোলার প্রস্তুতি নেয়ার জন্য প্রত্যেক বিদ্যালয়ে পর্যাপ্ত পরিমাণ হ্যান্ড স্যানিটাইজার মাস্ক এবং প্রতিটি শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন করা ও আসবাবপত্র জীবানুনাশক স্প্রে দিয়ে জীবানুমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ বিদ্যালয় পরিদর্শন করে বিষয়টি নিশ্চিত করবেন।
০৫	বিবিধ	সভাপতি জানান যে, অত্র উপজেলার প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনিটরিং করার জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে অন্যান্য সদস্যগণ জানান যে, অত্র উপজেলার প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনিটরিং করার অনুমতির জন্য উপজেলা পরিষদের সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু)


সভাপতি  
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি  
ও  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
মনিরামপুর, যশোর।

তারিখ : ১৮/০৭/২০২১ খ্রি:

স্মারক নং-উশিকা/মনি/যশোর/২০১৯/৩৮১(৩)

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৯, যশোর-৫(মনিরামপুর)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ০৪। জনাব.....মনিরামপুর, যশোর।
- ০৪। অফিস কপি।

  
(সেহলী ফেরদৌস)  
উপজেলা শিক্ষা অফিসার

ও  
সদস্য সচিব,